# Times Today BD

সিনিয়র রিপোর্টার | বাংলাদেশ | 08 April, 2025

চলতি বছর পবিত্র ওমরাহ পালন করতে গিয়ে এখন পর্যন্ত যেসব বিদেশি মুসল্লি সৌদি আরবে অবস্থান করছেন, তাদেরকে নিজের দেশে ফিরে যাওয়ার সময়সীমা বেঁধে দিয়েছে দেশটির হজ ও ওমরাহ বিষয়ক মন্ত্রণালয়।

ওমরাহ পালনকারীদের তাদের নিজ দেশে ফিরে যাওয়ার শেষ তারিখ আগামী ২৯ এপ্রিল নির্ধারণ করেছে হজ মন্ত্রণালয়। সোমবার (৭ এপ্রিল) এক প্রতিবেদনে এই তথ্য জানিয়েছে সৌদি আরবের রাষ্ট্রীয় সংবাদমাধ্যম সৌদি গেজেট।

সংবাদমাধ্যমটি বলছে, হজ ও ওমরাহ মন্ত্রণালয় বিদেশি ওমরাহ যাত্রীদের সৌদি আরব ত্যাগের শেষ তারিখ হিসেবে ১ জিলকদ অর্থাৎ ২৯ এপ্রিল নির্ধারণ করেছে।আগামী ১ জিলকদ থেকে শুরু হওয়া বার্ষিক হজ মৌসুমের প্রস্তুতি হিসেবে এই পদক্ষেপ নেওয়া হয়েছে।

এক বিবৃতিতে সৌদির এই মন্ত্রণালয় জানিয়েছে, আগামী ১৩ এপ্রিল তথা ১৫ শাওয়াল পর্যন্ত পবিত্র ওমরাহ পালনের জন্য ওমরাহ যাত্রীরা সৌদি আরবে প্রবেশ করতে পারবেন।

মন্ত্রণালয় জোর দিয়ে বলেছে, ওমরাহ যাত্রীদের ফিরে যাওয়ার জন্য নির্ধারিত তারিখের বেশি সময় ধরে সৌদিতে অবস্থান করলে তা আইনগত শাস্তির বিধানের মধ্যে পড়বে। এছাড়া ব্যক্তিদের পাশাপাশি ওমরাহ পরিষেবা প্রদানকারী সংস্থা এবং প্রতিষ্ঠানগুলোকেও নির্দিষ্ট সময়ের মধ্যে হজযাত্রীদের প্রস্থান সম্পর্কিত নিয়ম এবং নির্দেশাবলী মেনে চলার আহ্বান জানিয়েছে মন্ত্রণালয়।

সৌদি আরবের এই মন্ত্রণালয় সতর্ক করে দিয়ে বলেছে, নির্দিষ্ট তারিখের মধ্যে ফিরে যেতে যে কোনও ধরনের বিলম্ব আইনের লঙ্ঘন হিসাবে বিবেচিত হবে।কোম্পানি এবং প্রতিষ্ঠান কর্তৃক হজযাত্রীদের অতিরিক্ত সময় ধরে অবস্থানের বিষয়ে রিপোর্ট না করলে লঙ্ঘনকারীদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেওয়া ছাড়াও সর্বোচ্চ ১ লাখ রিয়াল জরিমানা হতে পারে।

প্রসঙ্গত, হজের সময় যেন হজযাত্রীরা নির্বিঘ্নে পবিত্র মক্কা ও মদিনায় পৌঁছাতে পারেন এবং সেখানে অবস্থান করতে পারেন সেজন্য ওমরাহকারীদের নির্দিষ্ট সময়ের মধ্যে সৌদি আরব ছাড়ার নির্দেশনা দেওয়া হয়ে থাকে।

হজের সময় মক্কার কাবা শরীফে ২০ লাখেরও বেশি মুসল্লির সমাগম হয়।এছাড়া বছরের যে কোনও সময় পবিত্র ওমরাহ পালন করা গেলেও পবিত্র হজ করতে হয় আরবি বর্ষপঞ্জিকার শেষ মাস জিলহজ মাসে।

সৌদি আরব ওমরাহ হজ মক্কা মদিনা ইসলাম বিশ্ব সংবাদ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 June, 2025 13:27

URL: https://timestodaybd.com/bangladesh/484775807